



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

৭ জুলাই, ২০২০

মাননীয় মৎস্য অধিকর্তা,
মৎস্য অধিকার, পশ্চিমবঙ্গ সরকার।


বিষয়ঃ সামুদ্রিক মৎস্যক্ষেত্রে কিষান ক্রেডিট কার্ড উপভোক্তাগণের স্পনসরশিপে বেহুন্দি জালের অন্তর্ভুক্তি, আবেদনের তারিখের সম্প্রসারণ ও বায়োমেট্রিক কার্ড আবশ্যিক না করা।
সূত্রঃ সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক) ডায়মন্ডহারবার-এর মেমো নং ৪৬১(১৬) তাং ১৮.০৬.২০২০ (প্রতিলিপি সংযোজিত)

মহাশয়া,

সামুদ্রিক মৎস্যক্ষেত্রে কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা প্রদানের জন্য সহ মৎস্য অধিকর্তা (সামুদ্রিক) ডায়মন্ডহারবার উপরে উল্লিখিত মেমো নং-এ একটি নির্দেশনামা জারি করেছেন। সমুদ্রগামী মৎস্যজীবীদের কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা প্রদানের জন্য এই উদ্যোগকে ডি.এম.এফ স্বাগত জানায়। কিন্তু এক্ষেত্রে কতগুলি গুরুতর অসুবিধা দেখা দিয়েছে।

বেহুন্দি জাল অন্তর্ভুক্ত না হওয়া - নির্দেশনামায় উল্লিখিত বিভিন্ন স্কিমের মধ্যে বেহুন্দি জালের কোন স্কিম নেই। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে পশ্চিমবঙ্গের উপকূলে অবস্থিত ৫৪-৫৫টি পরম্পরাগত মৎস্য অবতরণ কেন্দ্রে (খটী) সবথেকে বেশি ব্যবহার হয় বেহুন্দি জাল। মৎস্য অবতরণ কেন্দ্রগুলিতে ও তার বাইরে হাজার হাজার মৎস্যজীবী এই জাল ব্যবহার করেন। মৎস্যজীবীদের বোট লাইসেন্স-এও জালের ধরনের উল্লেখ থাকে। সুতরাং সরকারি আদেশনামায় বেহুন্দি জালের উল্লেখ না থাকার অর্থ কয়েক হাজার সমুদ্রগামী মৎস্যজীবীর কিষান ক্রেডিট কার্ড-এর সুবিধা থেকে বঞ্চিত হওয়া। এছাড়াও অন্যান্য অনেক ধরনের জাল ও উপকরণ ব্যবহৃত হয়।

আবেদনের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন - কোভিড-১৯ অতিমারিজনিত লকডাউন এবং আমফান ঘূর্ণিবাত্যায় সাধারণভাবে জনজীবন ও বিশেষ করে মৎস্যজীবীদের জীবন-জীবিকা বিপর্যস্ত হয়ে পড়েছে। আর্থিক অনটনের মধ্যে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, জাল-নৌকা কোনমতে মেরামত করে জীবিকা অর্জনের জন্য মাছ ধরতে যাওয়ার ব্যস্ততায় এই সময়ে মৎস্যজীবীদের নাভিশ্বাস উঠছে। এই অবস্থায় ১৫ই জুলাই-এর মধ্যে কিষান ক্রেডিট কার্ড-এর আবেদন করা বহু মৎস্যজীবীর পক্ষে অসম্ভব হয়ে পড়ছে।





দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

মৎস্যজীবী বায়োমেট্রিক কার্ড আবশ্যিক না করা - বহু মৎস্যজীবীর বায়োমেট্রিক কার্ড নেই। মৎস্য দপ্তরও বিষয়টি সম্পর্কে অবগত আছেন। তাছাড়া নৌকার রেজিস্ট্রেশন ও লাইসেন্স আবেদনকারী মৎস্যজীবীর যথার্থতার যথেষ্ট প্রমাণ। অতএব কিসান ক্রেডিট কার্ড-এর জন্য আবেদন করার ক্ষেত্রে বায়োমেট্রিক কার্ড আবশ্যিক হওয়া সমীচীন নয়।

এমতাবস্থায় আমাদের আবেদন -

- ১। কিসান ক্রেডিট কার্ড স্পনসরশিপ স্কিমে অতি অবশ্যই বেছন্দি জাল অন্তর্ভুক্ত করা হোক।
- ২। কিসান ক্রেডিট কার্ড-এর জন্য আবেদনের সময়সীমা ৩১শে আগস্ট ২০২০ পর্যন্ত বাড়ানো হোক।
- ৩। কিসান ক্রেডিট কার্ড-এর জন্য আবেদনের ক্ষেত্রে বায়োমেট্রিক কার্ড আবশ্যিক না করা হোক।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

মিলন দাস

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মোবাইলঃ ৭৮৭২৪০৭৬১১

বিষয়টির অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিঠির প্রতিলিপি পাঠানো হল -

১। সহ-অধিকর্তা (সামুদ্রিক) মৎস্য দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার,
কাঁথি, পূর্ব মেদিনীপুর।

২। সহ-অধিকর্তা (সামুদ্রিক) মৎস্য দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার,
ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগণা।

মিলন দাস

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম



GOVERNMENT OF WEST BENGAL

Office of the Assistant Director of Fisheries (Marine)
Diamond Harbour, South 24 Parganas - 743331, W.B

Phone No- 03174-255236 :: e-mail: adfmarinedh19@gmail.com

Memo No.: 461 (16)

Date: 18.06.2020

To

The Block Development Officer,

Gosaba/Basanti/Canning-I/Canning-II/Kultali/Jaynagar-II/Mathurapur-II/PatharPratima/

Sagar/Namkhana/Kakdwip/Kulpi/Diamond Harbour-I/Diamond Harbour-II/ Falta/Budge

Budge-II Dev. Block, South 24 Parganas.

Sub: Sponsoring of Beneficiaries for KCC under Marine Fisheries Sector

Ref: Memo no 495/SPU/KCC Dated 15.05.2020 of the Director of Fisheries, W.B

Sir/Madam,


In reference to the above subject, you are hereby requested to sponsor adequate nos of KCC loan proposals during the financial year 2020-21 to different Bank Branches in your area. Annual target of Marine Blocks in district South 24 Pgs is given in **Annexure I**. Total seven types of schemes (**Annexure II**) have been adopted by our Department for marine fishermen which may be sponsored to the Bank by collecting application forms (**Annexure III**) from willing beneficiaries. Sponsorship is expected to be completed by 15th July, 2020. For any assistance/query F.E.O /F.F.A of your Block may contact Sri Madhusudan Saha, D.F.O, (Marine) (**Contact no 9932840522**).

This should be treated as extreme urgent.

Thanking you,

Yours faithfully,

Encl: As stated


18/06/2020
Assistant Director of Fisheries, (Marine)
Diamond Harbour, South 24 Parganas.


Memo No: 461 (16) / 1 (20)

Dated: 18.06.2020

Copy forwarded for information and taking necessary action to:

1. The Savadhipati, South 24 Pargans Zilla Parishad, South 24 Parganas.
2. The Director of Fisheries, West Bengal.
3. The District Magistrate, South 24 Parganas
4. The Additional District Magistrate (Development), South 24 Parganas.
5. The Sub-Divisional Officer, Kakdwip Sub- Division, South 24 Parganas.
6. The Sub-Divisional Officer, Diamond Harbour Sub-Division, South 24 Parganas.
7. The Sub-Divisional Officer, Canning Sub- Division, South 24 Parganas.
8. The Sub-Divisional Officer, Alipur Sub- Division, South 24 Parganas
9. The Sub-Divisional Officer. Baruipur Sub- Division, South 24 Parganas

- GOVERNMENT OF WEST BENGAL
Department of Fisheries, South 24 Parganas
10. The Karmadhyaksha, Matsya o Prani Sampad Bikash Sthayee Samity, Zilla Parishad, South 24 Parganas
 11. The Deputy Director of Fisheries,(MW), Director of Fisheries, Kolkata-91
 12. The Deputy Director of Fisheries, Kolkata Zone, Kolkata-69
 13. The Lead Bank Manager. South 24 Parganas
 14. The Regional Manager, W.B S.C.B Ltd, Diamond Harbour, South 24 Parganas,
 15. The Assistant Director of Fisheries, Alipur, South 24 Parganas.
 16. The Assistant Director of Fisheries, (BW), South 24 Parganas.
 17. The Chief Executive Officer, Alipur, South 24 Parganas.
 18. The Savapati, Gosaba/Basanti/Canning-I/Canning-II/Kultali/Jaynagar-II/Mathurapur-II/PatharPratima/ Sagar/Namkhana/Kakdwip/Kulpi/Diamond Harbour-I/Diamond Harbour-II/Falta/Budge Budge-II Panchayet Samity, South 24 Parganas
 19. The Fishery Extension Officer/ Fishery Field Assistant, Gosaba/Basanti/Canning-I/Canning-II/Kultali/Jaynagar-II/Mathurapur-II/PatharPratima/Sagar/Namkhana/Kakdwip/Kulpi/Diamond Harbour-I/Diamond Harbour-II/ Falta/Budge Budge-II Dev. Block, South 24 Parganas. He/She is requested to maintain a close liaison with Panchayet functionaries and Fishermen Association to collect the beneficiaries.
 20. The President/ Secretary..... Fishermen Association/Khuti Samity/ Marine Cooperative Society for information. He/She is also requested to submit the application forms with necessary documents to concern Block Office.


18/08/2020

Assistant Director of Fisheries, (Marine)
Diamond Harbour, South 24 Parganas

- This should be
Thanking you,
Copy: As stated
1. The Savapati, South 24 Parganas
 2. The Director of Fisheries, West Bengal
 3. The District Magistrate, South 24 Parganas
 4. The Additional District Magistrate, South 24 Parganas
 5. The Sub-Divisional Officer, South 24 Parganas
 6. The Sub-Divisional Officer, South 24 Parganas
 7. The Sub-Divisional Officer, South 24 Parganas
 8. The Sub-Divisional Officer, South 24 Parganas
 9. The Sub-Divisional Officer, South 24 Parganas